গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৩- ১৪৮০

তারিখঃ .০৩.১৪২২ বঙ্গাব্দ
২২.০৬.২০১৫ খ্রিস্টাব্দ

## আদেশ

যেহেতু ডাঃ মোঃ নাফিসুর রহমান (১০১৪৫৫৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউখালী, পিরোজপুর গত ০৮.০৬.২০১২খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৯.০৯.২০১৩খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৩-৮২৫নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ১৭.১২.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৩-৯৭৩নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২২.০৩.২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০১০.২০১৫-৯৭নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৪.০৬.২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ নাফিসুর রহমান (১০১৪৫৫৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউখালী, পিরোজপুরকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৮.০৬.২০১২খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৩- ১৪৮১(১২) তারিখঃ ২২.০৬.২০১৫খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। সিভিল সার্জন, পিরোজপুর।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাউখালী, পিরোজপুর।
১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কাউখালী, পিরোজপুর।
১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। ডাঃ মোঃ নাফিসুর রহমান (১০১৪৫৫৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউখালী, পিরোজপুর (স্থায়ী ঠিকানাঃ- রোড-০৭, বাড়ী-২৪, সেক্টরঃ-৭, উত্তরা, ঢাকা)।

২২/০৬/২০১৫
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-14-15)\Order (NI)\dismisal from Service.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৩.২০১৪- ৬৪৫ তারিখঃ ২২.০৬.২০১৫

## আদেশ

যেহেতু, ডাঃ মোঃ খালেকুজ্জামান (৪২৮৯১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, এনএনএস) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ১০.১১.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৩.২০১৪-৮৭২নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৫.০৩.২০১৫ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ১২.০৪.২০১২ তারিখে মেডিকেল অফিসার (এআরআই), ইপিআই হিসেবে স্বাস্থ্য অধিদপ্তরে এবং অতিরিক্ত দায়িত্ব হিসেবে গত ১৫.০৪.২০১২ তারিখে এনএনএস কর্মসূচিতে যোগদান করেন। পরবর্তীতে তিনি গত ২২.০৪.২০১২ তারিখ হতে ২০.০৬.২০১২ তারিখ পর্যন্ত ০২ মাস মেয়াদি বুনিয়াদী প্রশিক্ষণে অংশ গ্রহণ শেষে গত ২১.০৬.২০১২ তারিখে পুনরায় কর্মস্থলে যোগদান করেন। এনএনএস কর্মসূচিতে ডিপিএম হিসাবে দায়িত্ব পালন না করায় উক্ত কর্মসূচির বিল ভাউচারে স্বাক্ষর করার তার কোন সুযোগ ছিল না। এছাড়াও এনএনএস কর্মসূচিতে পদায়তি থাকলেও কর্মসূচিতে কোন দায়িত্ব পালন না করায় লাইন ডাইরেক্টরকে আর্থিক অনিয়মে সহায়তা করার তাঁর কোন সুযোগ ছিল না মর্মে প্রতীয়মান হয়।

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ খালেকুজ্জামান (৪২৮৯১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৩.২০১৪- ৬৪৫/১(৮) তারিখঃ ২২.০৬.২০১৫

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপ-সচিব (পার-২/পার-৩/এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। ডাঃ মোঃ খালেকুজ্জামান (৪২৮৯১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২২/০৬/২০১৫
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

[illegible]

নং-৪৫.১৫০.০০৪.০১.০০.০০৩.২০১৩- [illegible] তারিখঃ ২ জুন ২০১৫ খ্রিস্টাব্দ

**আদেশ**

যেহেতু, ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ (৩১০৯৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও লাইন ডাইরেক্টর, এনসিডিসি) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে ১৩.০১.২০১৫ তারিখে ৪৫.১৫০.০০৪.০১.০০.০০৩.২০১৩-১৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, বৈদেশিক সাহায্যপুষ্ট নিরীক্ষা অধিদপ্তর (ফাপাড) কর্তৃক নিরীক্ষিত প্রতিবেদন এবং পরবর্তীতে বিশ্বব্যাংক দাখিলকৃত রিভিউ প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায়, লাইন ডিরেক্টর NCDC অফিস হতে ২০১১-২০১২ অর্থ বছরে পিপিআর ২০০৮ এর বিধি ৬৯ অমান্য করে নির্ধারিত ব্যয়সীমার অতিরিক্ত অর্থের মালামাল ক্রয় করার ক্ষেত্রে ওপেন টেন্ডার আহবান না করে ৬,৬৬,০২,০০০/- টাকার মালামাল ক্রয় করা হয়েছে। NCDC এর সকল ট্রেনিং ভেন্যুসমূহ ঢাকার বাইরে অবস্থিত হলেও ঢাকায় অবস্থিত ২টি স্টেশনারী দোকান (নাদিয়া পেপার এন্ড স্টেশনারী এবং রয়েল পেপার স্টেশনারী) হতে পেটি ভাউচারের মাধ্যমে ট্রেনিং মেটারিয়াল ক্রয় করা হয়েছে এবং এ কাজে বিতরন, বহন এবং রিসিভ রেজিস্টার সংরক্ষণ করা হয়নি। ভাউচারসমূহ যাচাইকালে পরিলক্ষিত হয় যে, ক্রয়ের ভাউচারসমূহ প্রায় একই ফরম্যাট ও একই ধরণের হাতের লিখা। ট্রেনিং সামগ্রী ক্রয়ের সাথে অন্যান্য সামগ্রী একীভূত থাকলেও ক্রয়ের ক্ষেত্রে পিপিআর নির্ধারিত ব্যয়সীমা অতিক্রম করতঃ বিধি ভংগ করা হয়েছে। পিপিআর লংঘন করে মামলাল ক্রয়ের বিষয়ে গঠিত তদন্ত কমিটিকে তদন্তকালে উপস্থিত থেকে তথ্য সরবরাহের মাধ্যমে তিনি তদন্ত কাজে কোনরূপ সহায়তা করেননি। তদন্ত কমিটি প্রকল্পের নথি ব্যবস্থাপনায় ব্যাপক অনিয়ম পেয়েছে, তারিখ বিহীন রশিদ/ভাউচার দ্বারা মালামাল ক্রয় করা হয়েছে মর্মে উল্লেখ করেছে। তদুপরি তিনি মন্ত্রণালয় কর্তৃক বিভাগীয় মামলায় তাকে ব্যক্তিগত শুনানীর জন্য উপস্থিত হওয়ার জন্য নোটিশ করা সত্ত্বেও শুনানীতে উপস্থিত হননি;

এক্ষণে, সেহেতু, ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ (৩১০৯৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০২(দুই) বছরের জন্য ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের টাকা ২৯,০০০-১১০০X৬-৩৬,৬০০/- এর সর্বনিম্ন ধাপে অবনমিত করে ২৯,০০০/-টাকা নির্ধারণ করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০০৪.০১.০০.০০৩.২০১৩- ৩৪৫/১(৭) তারিখঃ ২ ০৬.২০১৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। যুগ্ম-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপ-সচিব (পার-১/পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ (৩১০৯৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (যোগাযোগ ঠিকানা-এ্যারিসটোক্র্যাট, প্লট-৫/১২, ব্লক-এফ, এফ-১, এটি-সি-৫, লালমাটিয়া, ঢাকা)।

২২/০৬/২০১৫

(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd